



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭

Website: www.lalmatiyamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,



স্মারক নং- ১৪/০৭ - ৩২৬৭০

তারিখ: ০৬.১১.২০২৫

২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে যাদের ডাটা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ দেওয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরাই ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। (সেশন ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে। যে সকল শিক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০২৩ সালে অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C+, C ও D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। অনার্স ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে এফ গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্বত্ব সাপেক্ষে শুধুমাত্র ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেওয়া হলো।

(ক) ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ২৮/১০/২০২৫ থেকে ১৫/১১/২০২৫ খ্রি: পর্যন্ত

(খ) ফরম পূরণের তারিখ : ২৮/১০/২০২৫ থেকে ১৫/১১/২০২৫ খ্রি: পর্যন্ত

ফরম পূরণের পর সংশ্লিষ্ট অফিস সহকারীগণ নিজ নিজ বিভাগের ছাত্রীদের অনলাইনে এন্ট্রির কাজ সম্পন্ন করবেন।

(গ) পূরণকৃত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

(i) অনার্স কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এবং অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

(ii) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও ২য় বর্ষ পরীক্ষা পাশের ফলাফলশীট।

(ঘ) আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে। আবেদন ফরমে যাবতীয় তথ্যাদি সঠিক ও নির্ভুল হতে হবে।

অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

(ঙ) পরীক্ষার ফি :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	তৃত্বীয় (প্রতি পূর্ণ কোর্স)	৩০০/-	
২	তৃত্বীয় (প্রতি অর্ধ কোর্স)	২৫০/-	
৩	ব্যবহারিক (প্রতিপত্র/কোর্স)	৩০০/-	
৪	কেন্দ্র ফি তৃত্বীয় (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	
৫	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি)	১৭৫/-	
৬	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১৫০/-	
৭	(অনিয়মিত/গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৬০০/-	
৮	ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী)	৫০/-	
৯	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে (এফ) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ফি	৫০০০/-	
১০	Conditional Promoted পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি	১৫০০/-	

৩.১১.২৫
অধ্যক্ষ